# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 26 June, 2025

ওপার বাংলার আলোচিত অভিনেত্রী শ্রাবন্তী চ্যাটার্জি বরাবরই ব্যক্তিগত জীবন, বিশেষ করে বিয়ে ও বিচ্ছেদ নিয়ে সংবাদের শিরোনামে থাকেন।তিনটি বৈবাহিক সম্পর্ক ভেঙে যাওয়ার পরেও তিনি বিয়েতে আস্থা হারাননি।সম্প্রতি এক সাক্ষাৎকারে শ্রাবন্তী বলেন, "আমি এখনও বিয়েতে বিশ্বাস করি।যারা বিয়ে করছেন, তারা যেন ভালো থাকেন।একে অপরের প্রতি স্বচ্ছতা থাকাটা খুব জরুরি।'

তবে নিজের দাম্পত্য জীবনের ব্যর্থতা প্রসঙ্গে নায়িকা জানান, “আমি ভুল মানুষদের বেছে নিয়েছিলাম।আবেগে ভেসে বাস্তবতা ভুলে গিয়েছিলাম।নিজের ভালো থাকাটাই সবচেয়ে জরুরি।নিজের সম্মান যেখানে থাকবে, সেখানেই এগিয়ে যাওয়া উচিত।”

তিনি আরও বলেন, “একটাই জীবন।লোকে কী বলছে সেটা দেখলে হবে না, মন যা বলছে সেটাই করা উচিত।”

উল্লেখ্য, ১৮ বছর বয়সে পরিচালক রাজীব কুমার বিশ্বাসকে বিয়ে করেছিলেন শ্রাবন্তী।এই দম্পতির একমাত্র সন্তান ঝিনুক।২০১৬ সালে রাজীবের সঙ্গে বিচ্ছেদের পর দ্বিতীয় বিয়ে করেন কৃষাণ ব্রিজকে, যা টিকেছিল মাত্র এক বছর।পরে রোশন সিংয়ের সঙ্গে তৃতীয় বিয়ে করলেও, সেই সম্পর্কও টিকেনি।চলতি বছরের এপ্রিলে আইনি বিচ্ছেদে ইতি টানেন শ্রাবন্তী ও রোশন।

শ্রাবন্তী চ্যাটার্জি বিয়ে বিচ্ছেদ পরিচালক রাজীব কুমার বিশ্বাস কৃষাণ ব্রিজ রোশন সিং

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 21:39

URL: https://timestodaybd.com/entertainment/3751775807